The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 822 | 14 June 2024 | শুক্রবার ৩১ জ্যৈষ্ঠ ১৪৩১

ঈদ মোবারক
পবিত্র ঈদুল আজহার বিশেষ আয়োজন
>> ১২ পাতায়



'Why people don't trust politicians'
>> Page 25



Biden reaffirms US support for Ukraine
>> Page 24

26 films receive BD Govt. grant
>> Page 25



# বিমানের নিউইয়র্ক ফ্লাইট ফের যুক্তরাষ্ট্রের শর্ত



বাংলাদেশ নেদারল্যান্ডস ম্যাচের একটি দৃশ্যে সাকিব আল হাসান ছবি সৌজন্য: রতন গমেজ (বিসিবি)

ঢাকা অফিস

ঢাকা ও নিউইয়র্কের মধ্যে সরাসরি বাংলাদেশ বিমানের ফ্লাইট চালু করা নিয়ে আবারও কতিপয় কারিগরি শর্ত দিয়েছে যুক্তরাষ্ট্র। ফেডারেল এভিয়েশন এডমিনিস্ট্রেশন (এফএএ) অ্যাটাশে ডানিয়েল জ্যাকব ৯ থেকে ১২ জুন বাংলাদেশ সফরকালে এসব শর্ত আরোপ করেন। তিনি বাংলাদেশ সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মফিদুর রহমানের সঙ্গে বৈঠক করেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গেও তার আলোচনা হয়েছে। বিমানের নিউইয়র্ক ফ্লাইট চালুর লক্ষ্যে জ্যাকব এসব শর্তকে প্রক্রিয়াগত বাধ্যবাধকতা বলে উল্লেখ করেন।

জ্যাকব যেসব প্রক্রিয়ার কথা বলেছেন, সেগুলো হলো, বাংলাদেশের 'ক্যাটাগরি-১' সেইফটি রেটিং অর্জন করতে হবে। যুক্তরাষ্ট্রের ওপর দিয়ে বিমান চলাচলের জন্যে এটার প্রয়োজন। ইন্টারন্যাশনাল এভিয়েশন সেইফটি অ্যাসেসমেন্ট (আইএএসএ) এই ক্যাটাগরির রেটিং নির্ধারণ করে থাকে। ক্যাটাগরি-১ অর্জনের মানে হলো, এরপর ৪৪ পৃষ্ঠায়

## কাল পবিত্র হজ
# ঈদ রোববার
## জামাত কখন কোথায়

আজকাল রিপোর্ট

ঈদ মোবারক। সৌদি আরবের পবিত্র জিলহজ মাসের চাঁদ দেখার সূত্র অনুযায়ী আগামী পরশু ১৬ জুন রোববার যুক্তরাষ্ট্রে পবিত্র ঈদুল আজহা উদযাপিত হবে। আর জিলহজ মাসের চাঁদ দেখা যাওয়ায় আগামী ১৫ জুন শনিবার সৌদিতে পবিত্র হজ অনুষ্ঠিত হবে। পবিত্র ঈদুল আজহা উপলক্ষে নিউইয়র্ক সহ এরপর ২০ পৃষ্ঠায়

## ২১ জুন ভারত, ৮ জুলাই চীন সফর
# হাসিনার হাতেই মোদি–শি

মাসুদ করিম, *ঢাকা থেকে*







শেখ হাসিনার 'ফ্লায়িং ডিপ্লোম্যাসি' অনেকের নজর কাড়ছে। সেদিন দিল্লি থেকে এসে আবার সেখানে উড়ে যাচ্ছেন। ২১ জুন দু'দিনের দ্বিপক্ষীয় সফরে ভারত যাচ্ছেন তিনি। মোদির আমন্ত্রণের সফরটি শেষ হওয়ার পর পরই যাবেন বেইজিং। চীনের প্রেসিডেন্ট শি জিনপিং আমন্ত্রণ জানিয়ে রেখেছিলেন আগেই। দিল্লি, বেইজিং উভয়ে চেয়েছিলো চতুর্থ মেয়াদে প্রধানমন্ত্রী হওয়ার পর শেখ হাসিনা যেন তাদের দেশে প্রথম সফর করেন। মোদি ও শি উভয়ের সঙ্গে শেখ হাসিনার সুসম্পর্ক রয়েছে। সেই ভারসাম্য বজায় রেখে তার এবারের সফরকে সাজানো হয়েছে। একতরফা দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন হওয়ার পর পরই কে আগে অভিনন্দন জানাবেন মোদি এরপর ২০ পৃষ্ঠায়

## সাকিবের ব্যাটে হাসি
# সুপার এইটের পথে টাইগাররা

আজকাল স্পোর্টস

ব্যাটে রান নেই, বোলিংয়েও নেই ধার। গত দুই ম্যাচে সাকিব আল হাসানের পারফরম্যান্স ছিল এমনই। ভক্ত সমর্থকদের প্রত্যাশা পূরণ করতে ব্যর্থ হচ্ছেন বলে কেউ কেউ তার নামের পাশে ফুলস্টপ বসিয়ে দিচ্ছিলেন। ভারতের সাবেক ক্রিকেটার বীরেন্দ্রর শেবাগ তো সাকিবকে অবসর নিতেই বলেছিলেন। গত কয়েকদিন ধরেই সাকিবের ফর্ম নিয়ে বিস্তর সমালোচনা হচ্ছিল। যুক্তরাষ্ট্রে ব্যাট-বলে কিছু করতে না পারা সাকিবই নেদারল্যান্ডসে বিপক্ষে দলকে জেতালেন। ব্যাট হাতে গুরুত্বপূর্ণ এরপর ৫৪ পৃষ্ঠায়


## ২ লাখ আবাসন সহায়তা
# ৬ লাখ ৩৩ হাজার আবেদন


আজকাল রিপোর্ট

সিটি থেকে আবাসন সুবিধা বা বাসা ভাড়ার টাকা পেতে আগ্রহ প্রকাশ করেছেন নিউইয়র্কের স্বল্প আয়ের বিপুল সংখ্যক মানুষ। ১৫ বছর পর তাদের জন্য আর একবার খুলে দেয়া হয়েছিল সেকশন-৮ কর্মসূচি। এতে আবেদনের জন্য সময় দেয়া হয়েছিল মাত্র এক সপ্তাহ। এই সময়ের মধ্যে ২ লাখ আবাসনের জন্য আবেদনপত্র জমা পড়েছে এরপর ৫৪ পৃষ্ঠায়

## হাইস্কুল ডিগ্রি পেতে আর রিজেন্টস দিতে হবে না
# নিউইয়র্কে পরীক্ষা পদ্ধতি পরিবর্তন

আজকাল রিপোর্ট






নিউইয়র্কে হাইস্কুল ডিগ্রি বা ডিপ্লোমা পেতে আর রিজেন্টস পরীক্ষা দিতে হবে না। শত বছর ধরে চলে আসা এই পরীক্ষা পদ্ধতির পরিবর্তন করা হয়েছে। গত সোমবার ১০ জুন নিউইয়র্ক ডিপার্টমেন্ট অব এডুকেশন রিজেন্ট পরীক্ষার প্রয়োজন নেই বলে ঘোষণা দিয়েছে। উল্লেখ্য, ১৮৬৬ সাল থেকে স্টেট রিজেন্টস পরীক্ষা ছিল হাই স্কুল গ্রাজুয়েশনের প্রধান ও ম্যান্ডেটরি মানদন্ড। এতে পাঁচটি স্টেট রিজেন্টস পরীক্ষার সম্মুখীন হতে হতো শিক্ষার্থীদের। রিজেন্টস পরীক্ষা রদ করা হলেও ডিপ্লোমা পেতে হলে শিক্ষার্থীদের সাতটি বিষয়ে দক্ষতা প্রদর্শন করতে হবে। ক্রিটিক্যাল থিংকার হিসেবে শিক্ষার্থীর নিজেকে উপস্থাপন করতে হবে। ইনোভেটিভ প্রোবলেম সলভার, স্টেট স্ট্যান্ডার্ড প্রভৃতি সকল এরিয়াতে পারদর্শিতা এরপর ২০ পৃষ্ঠায়



## ২৫ বছর জেলের শঙ্কা
# প্রেসিডেন্ট পুত্র দোষী সাব্যস্ত

আজকাল রিপোর্ট

ক্ষমতাসীন মার্কিন প্রেসিডেন্টের পুত্র হান্টার বাইডেন আদালতে দোষী সাব্যস্ত হয়েছেন। আমেরিকার ইতিহাসে এমন এরপর ৫৪ পৃষ্ঠায়



ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57th STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent



PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE



Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055




আশিয়ান সিটি
ঢাকার মধ্যে অনুমোদিত আবাসিক প্রকল্প
আর নয় রূপকল্প !!
আধুনিক সুপরিকল্পিত আবাসিক প্রকল্প হিসেবে "আশিয়ান সিটি" আজ বাস্তব।
প্রকল্পের 'এ' ব্লকে ১০০ ফুট প্রসস্ত রাস্তাসহ অভ্যন্তরীণ সকল রাস্তা এবং প্লট এখন রেডি।
অন্যান্য ব্লকের রাস্তা ও প্রকল্পের উন্নয়নের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে।

পবিত্র ঈদুল আযহা
উপলক্ষ্যে দারুণ অফার..
ঢাকায় এবার জমি হবে সবার ...




কেন বিনিয়োগ করবেন ?
- প্রকল্পটি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর ৪৮ ও ৪৯ নং ওয়ার্ডের মধ্যে
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ৩য় টার্মিনালের বিপরীতে
- প্রকল্পে ৩, ৫ ও ১০ কাঠার রেডী প্লট যা এখনই বাড়ী করার উপযোগী
- এককালীন মূল্য পরিশোধে সাথে সাথে রেজিস্ট্রেশন

আশিয়ান ল্যান্ডস্ ডেভেলপমেন্ট লিঃ
প্রধান কার্যালয়: ৪০/২, (৫ম তলা), ইউনিকর্ন প্লাজা,
নর্থ এভিনিউ, গুলশান-২, ঢাকা-১২১২ ফোন: +৮৮-০২-৫৫০৫১৭২০-২৬
www.ashiyangroup.com

বিস্তারিত জানতে কল করুন :
+৮৮ ০১৭৫৫-৫৩১৩১৯ | +৮৮ ০১৩১৩-০৭৮৯৫২
+৮৮ ০১৭৫৫-৫৩১৩২৭ | +৮৮ ০১৭৫৫-৫৩১৩০৮
+৮৮ ০১৭১৩-৪২৩৪৫৬ | +৮৮ ০১৭১৪-১৬১৯১৪

# Marks Home Care
# মার্কস্ হোম কেয়ার

MHC



আমরা নূতন গ্রাহক
এবং
এজেন্সী ট্রান্সফার
সাদরে গ্রহণ করছি।

- ✔ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✔ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

**We Welcome Agency Transfers and New Clients.**

FOLLOW US ON
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

## বিস্তারিত জানতে কল করুন
# 718-697-7717
E-mail : info@markshhc.com | www.markshhc.com

## Bronx
1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgrow Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave,
Bronx, NY 10457

## Brooklyn
413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

## Queens
40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

## Hicksville
217 Bethpage road
Hicksville, NY 11801

## Buffalo
1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

## Rochester
504 W Main St
Rochester, NY 14608

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমুহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic







আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208

# দুর্নীতির করাল গ্রাসে বাংলাদেশ

শাহাব উদ্দীন

> স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে মেধার বিকাশের জন্য সাংস্কৃতিক সপ্তাহ, বিতর্ক প্রতিযোগিতা সহ ছাত্র রাজনীতি নেই। নেই নেতৃত্বর বিকাশ। সর্বত্র একজনের বন্দনা চলে। তিনি জনগণকে তুচ্ছ কওে বিনা ভোটে ক্ষমতা দখলে রেখে আমলাতন্ত্র, পুলিশ, আর্মী দিয়ে দেশ পরিচালনা করছেন। সরকারকে টিকিয়ে রাখতে এই সব বিভিন্ন বাহিনী অন্যায় কাজ কওে চলেছে। একইভাবে বিভিন্ন বাহিনীর লোকরাও সেই সুযোগ নিয়ে অবৈধ কাজ করে সম্পদের পাহাড় গড়ছে। জনগনও কিছু বলে না, অভ্যস্ত হয়ে গেছে। মানুষের প্রতিবাদের ভাষা সরকারকে সঠিকভাবে পরিচালনার জন্য অতিব গুরুত্বপূর্ণ। একটা দেশপ্রেমিক সরকারই শুধু এই প্রতিবাদের ভাষা বুঝতে পারে। আর সেই বোধদয় ও কার্যকর পদক্ষেপ থেকেই সম্ভব দুর্নীতির মূল উচ্ছেদ করা

'দুর্নীতি' ছোট্ট একটি শব্দ। কিন্তু এর শাব্দিক অর্থ অত্যন্ত ব্যাপক। একটি রাষ্ট্রকে ধ্বংসের দ্বারপ্রান্তে নিয়ে যাওয়ার জন্য এই ছোট্ট শব্দটি বিরাট ভূমিকা রাখে। বিশ্বের বিভিন্ন দেশ এই দুর্নীতির কারণেই অনেক পিছিয়ে পড়েছে অথবা ধ্বংস, হয়েছে। সেই সব দেশের শাসকদের পতনের পর দুর্নীতির মাধ্যমে তাদের পরিবার, নিকট আত্মীয় বা ক্ষমতার আশ পাশের লোকজনের সম্পদের পাহাড় গড়ে তোলার কাহিনী প্রকাশ পায়। তাদেরকে মানুষ তখন আস্তাকুড়ে নিক্ষেপ করে। একটি রাষ্ট্রকে উন্নয়নের দিকে নিয়ে যেতে হলে দুর্নীতিমুক্ত রাষ্ট্র ও দূর্নীতিমুক্ত সরকার অত্যন্ত অপরিহার্য। একনায়কতন্ত্রবাদী, কর্তৃত্ববাদী কিংবা স্বৈরাচারী সরকারগুলিই দুর্নীতিপরায়ণ হয়ে থাকে। কারণ তাদেও কোন জবাবদিহিতা থাকে না। এক ব্যক্তির খেয়ালখুশি মতোই সব কিছু চলে। তিনি খুশি থাকলেই সব ঠিক। সুতরাং দুর্নীতিমুক্ত সরকার বা রাষ্ট্র গঠনের পূর্ব শর্তই হলো জাবাবদিহিতা, গণতন্ত্র, ও আইনের শাসন।



পাকিস্তান আমলে পশ্চিমা শাসক শোষক গোষ্ঠী, পূর্ব পাকিস্তানকে (বর্তমানের বাংলাদেশকে) শাসন ও শোষণ করেছিলো। আদমজী, বাওয়ানী, ইস্পাহানি সহ বাইশ পরিবার সৃষ্টি করে দুর্নীতির মাধ্যমে সম্পদের পাহাড় গড়ে তুলেছিল। সেই দুর্নীতি, স্বজনপ্রীতি ও শোষণের বিরুদ্ধে আন্দোলন ও সংগ্রামের করেই আমরা ১৯৭১ সালে বিরাট স্বপ্ন নিয়ে দেশ স্বাধীন করেছিলাম। স্বাধীনতার পর নিজ দেশের ছিচকে চোররা শুরু করেছিলো দুর্নীতি, স্বজনপ্রীতির মতো সব অনিয়ম।

তাই দু:খ করে প্রকাশ্য জনসভায় বঙ্গবন্ধু বলেছিলেন আমলা, স্যুট-টাই পরা ভদ্রলোকদের উদ্দেশ্যে, 'আমার কৃষক, শ্রমিক মেহনতী মানুষ দুর্নীতি করে না। সারা দিন হাড়ভাঙ্গা পরিশ্রম করে ফসল উৎপাদন করে আমাদের খাদ্য, বস্ত্রের যোগাড় করে। আমি ভিক্ষা করে বিদেশ থেকে যুদ্ধ বিধ্বস্ত দেশের গরীব মানুষের জন্য সাহায্য নিয়ে আসি। কিন্তু তাদের হাতে পৌছার আগেই চাটার দলের লোকেরা সব খেয়ে ফেলে।' মন্ত্রণালয়ের মিটিংসহ বিভিন্ন সভায় তিনি আরও কঠিন ভাষায় সাবধান করে দিতেন। তিনি বুঝতে পেরেছিলেন দেশের প্রতিষ্ঠা লগ্নেই শর্ষের মধ্যে ভূত ঢুকে পড়েছে। এ দেশকে এগিয়ে নিয়ে যাওয়া কঠিন হবে। দেশের অগ্রযাত্রায় এই সাদা পোশাকি তথাকথিত ভদ্রলোকেরাই হবে উন্নয়ন অগ্রযাত্রার প্রধান বাধা। কারণ সেই সময়ের বাংলাদেশের বন্ধুপ্রতিম রাষ্ট্র কিউবার অবিসংবাদিত নেতা ফিদেল কাস্ত্রো বলেছিলেন আমি হিমালয় দেখিনি কিন্তু বঙ্গবন্ধুকে দেখেছি। পরক্ষণেই তিনি সদ্য স্বাধীন বাংলাদেশের প্রশাসনিক কাঠামো পুরনো পাকিস্তানী আমলাদের দ্বারা সাজানোর কথা শুনে বলেছিলেন, মিঃ প্রেসিডেন্ট ইউ আর ডেড। কারণ যে আমলারা যুদ্ধ করেনি, রক্ত দেয়নি, মলমূত্র ছাড়া কোন কিছু ত্যাগ করেনি। সেই সুবিধাভোগী আমলা থেকে একজন মুক্তিযোদ্ধা, অফিসিয়াল কাজ কম জানা থাকলেও তার দেশপ্রেমের কারনে দ্রুত কাজ শিখে নিবে। কারণ এই লোকগুলো ছিল দীর্ঘ সংগ্রামের ও আন্দোলনের মাধ্যমে পরীক্ষায় উত্তীর্ণ সৈনিক। যারা বঙ্গবন্ধুর নির্দেশে আগুনে অথবা গুলির মুখে যেতেও বিন্দুমাত্র কুণ্ঠাবোধ করেনি। তাদের দিয়েই রক্তের বিনিময়ে পাওয়া সোনার বাংলা গড়ে তোলা সম্ভব ছিল। এইসব সব দিক বিবেচনা করেই পাকিস্তান থেকে আসার পর সদ্য স্বাধীন বাংলাদেশে একটি বিপ্লবী জাতীয় সরকার গঠনের জন্য বঙ্গবন্ধুকে প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু দু:খজনক হলেও সত্য যে, তিনি সে কথা না শুনে সেই বৃটিশ, পাকিস্তানিদের উত্তরাধিকার সূত্রে পাওয়া আমলাতান্ত্রিক সমাজই রেখে দিলেন। যার ফলে জাসদের জন্ম হয়। শুরু হয়েছিল নব্য স্বাধীন দেশে রাজনৈতিক অস্থিরতা। সেই সুযোগে ষড়যন্ত্র ও চক্রান্তকারীদের হাতেই বঙ্গবন্ধু সপরিবারে নিহত হন। এরপর থেকে ষড়যন্ত্র, হত্যা, সামরিক বন্ধুর রাজনীতি শুরু হয়।

প্রশাসনের ঘাপটি মেরে থাকা লোকগুলো মাথা ঝাড়া দিয়ে ওঠে। এবং তাদের প্রেতাত্মাদের নিয়ে প্রশাসনের উপর থেকে নিচ পর্যন্ত সিন্ডিকেট গড়ে তোলে। বিশেষ করে স্বৈরাচারী এরশাদের শাসন আমল থেকে রাষ্ট্রের সর্বত্র গুরুত্বপূর্ণ শাখা, প্রশাখায়, ঘুষ, দূর্নীতিবাজদের মহোৎসব শুরু হয়। তখন থেকে কেউ আর লাখ টাকা গুনে না। কোটি টাকার হিসাব শুরু হয়। আর এখন শত নয় হাজার হাজার কোটি টাকার লেনদেনের হিসাব বেরিয়ে আসে। এবং সবচেয়ে ভয়ংকর হলো দেশের অর্থনৈতিক অবস্থা ধ্বংস করে এই টাকা দিয়ে কানাডায় বেগম পাড়া, লন্ডন, আমেরিকা, দুবাই, মালোয়েশিয়া সহ বিশ্বের বিভিন্ন দেশে সেকেন্ড হোম করা হচ্ছে। সেখানে বিবি বাচ্চাদের পড়া শুনার ব্যবস্থা সহ আয়েশী জীবন যাপন গরীব দেশের অর্থে চলে। এ জায়গা থেকে দেশকে টেনে তোলা খুবই মুশকিল হবে। যেখানে মানুষের দেশপ্রেম, নৈতিকতা নষ্ট হয়ে যায় সেখানে এই সব ব্যক্তি দিয়ে জাতি কি আশা করতে পারে?

দুর্নীতির ব্যাপারে যা কোন দিন চিন্তা করা যায়নি, স্বাধীনতার অর্ধ শতাব্দী পরে এখন তা বাস্তব। এই বিরাট সময়ে রাষ্ট্রের পচন এমন ভাবে হয়েছে যে মন্ত্রিসভার প্রভাবশালী মন্ত্রী ডাঃ দীপু মনি, জাহিদ মালেক সহ অনেক মন্ত্রীদেরও দুর্নীতির লম্বা খতিয়ান প্রকাশ হচ্ছে। পার্লামেন্ট একটি গনতান্ত্রিক দেশের প্রাণ। দেশ শাসন ও পরিচালনায় সবচেয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে। সেখানে

এরপর ৪৭ পৃষ্ঠায়








GOLDEN AGE
HOME CARE

সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী

# হোম কেয়ার







## PCA AND CDPAP SERVICE

## সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা

আমরা **HHA/PCA** সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি

প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে সহায়তা করা হয়।



**Shah Nawaz** MBA
*President & CEO,* **646-591-8396**

**JACKSON HTS OFFICE**
71-24 35th Ave
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852
Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983
Fax: 347-275-9834

**YONKERS OFFICE**
558 E Kimball Ave
Yonkers, NY 10704
Ph: 718-650-6912
Fax: 917-396-4115

**HILLSIDE AVE. OFFICE**
170-18A Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-530-1820
Fax: 917-396-4115

**JAMAICA AVE. OFFICE**
180-15 Jamaica Ave
Jamaica, NY 11432
Ph: 718-481-8992
Fax: 917-396-4115

**ASTORIA OFFICE**
36-07 31 Street,
Astoria, NY 11106
Ph: 718-540-4130
Fax: 917-396-4115

**BROOKLYN OFFICE**
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

# বিরাট মূল্যহ্রাস

# BISMILLAH

## HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

১০টি কালার রেড/ব্লাক চিকেন কিনলে ২টি কালার চিকেন ফ্রি অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি

৩টি রেড হার্ড চিকেন $17.99 ৬টি রেড/ব্লাক চিকেন কিনলে ১টি রেড হার্ড চিকেন ফ্রি

আরো রয়েছে কোয়েল, কবুতর, তিতি মুরগী, বালিহাঁস, রেগুলার হাঁস, চাকার পাখি, রাতা মোরগ, কোয়েল ডিম, হাঁসের ডিম, মুরগীর ডিম, অর্গানিক ডিম

**স্পেশাল সেল**

**৩টি রেড হার্ড চিকেন $17.99**

Approved by

SBNY Shariah Board New York

HALAL MONITORING SERVICES HMS CERTIFIED HAND ZABIHA ™

**শরীয়াহ বোর্ড কর্তৃক একমাত্র অনুমোদিত হালাল পোলট্রি মার্কেট**



আমাদের রয়েছে শরীয়াবোর্ড অনুমোদিত প্রতিদিন জবেহকৃত গোট ও বিফ

এছাড়াও এখানে পাবেন সকল ধরণের বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছ

ইলিশ, রুই, কাতল, মৃঘেল, কোরাল, গলদা চিংড়ী, কই, বাইলা, মলা, কাচঁকিসহ বিভিন্ন ধরণের মাছ



**প্রতিদিন স্পেশাল ঃ বিফ উইথ বোর্ন $3.99**

অল হোয়াইট চিকেন $2.99

শুধুমাত্র সীমিত সময়ের জন্য

Scan Here to Shop & Get Free Delivery



**ফ্রি ডেলিভারী**

মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

MasterCard VISA AMERICAN EXPRESS DISCOVER

Open 7 Days: 8:00am to 7:00pm

Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)

**718.205-7200 | 718.205.8262**


ত্যাগের মহিমায় যেন প্রকৃতই মানবতার
জয়গানে উদ্ভাসিত হই আমরা সবাই
আল্লাহর রহমত সবার জীবনকে আনন্দময় করে তুলুক
সবাইকে গোল্ডেন এইজ হোম কেয়ার
এর পক্ষ থেকে ঈদের শুভেচ্ছা
GOLDEN AGE
HOME CARE
Shah Nawaz, MBA
President & CEO
646-591-8396

# ঈদুল আজহা বিশেষ আয়োজন

সাপ্তাহিক আজকাল
১৭তম বর্ষ ◆ ৮২২ সংখ্যা ◆ ৩১ জ্যৈষ্ঠ ১৪২৯




### কোটি টাকার গরু এবং ১৫ লাখের ছাগল

## 'ফুটানি'র ঈদ

আমীন আল রশীদ

'মরি হায়রে হায় দুঃখে পরাণ জ্বলে
হাজার টাকার বাগান খাইলো পাঁচ সিকার ছাগলে।'

বাস্তবতা হলো, এখন একটি ছাগলের দাম দিয়ে রাজশাহী অঞ্চলে অন্তত ১৫টি বাগান কেনা যায়। আমের মৌসুমে পাইকাররা আম কেনেন বাগান হিসেবে। অর্থাৎ এক বিঘা আয়তনের একটি বাগানের আম বিক্রি করে হয়তো এক লাখ টাকাও পাওয়া যায় না। কিন্তু গণমাধ্যমের খবর বলছে, এবার কোরবানির হাটে একটি ছাগল বিক্রি হয়েছে ১৫ লাখ টাকায়। তার মানে একটি ছাগলের দাম দিয়ে ভালো জাতের আম আছে, এরকম ১৫টি বাগান কেনা সম্ভব!



অর্থাৎ 'পাঁচ সিকার ছাগল' বলে তাকে আর তাচ্ছিল্য করার সুযোগ নেই। বরং কোরবানির পশুর হাটে ছাগল এখন ভিআইপি পণ্য। অবশ্য যারা এই ছাগল কেনেন, তারা আরও বড় 'ভিআইপি'!


চলতি মাসের শুরুতে রাজধানীর মোহাম্মদপুরে সাদিক এগ্রোর খামারে থাকা ১৮০ কেজি ওজনের একটি ছাগল নিয়ে হইচই পড়ে যায়। পাঁচ ফুট তিন ইঞ্চি উচ্চতার খাসিটির দাম হাঁকা হয় ১৫ লাখ টাকা। আলোচনার তুঙ্গে থাকায় একে দেখতে খামারে তৈরি হয় উপচেপড়া ভিড়। ছড়িয়ে পড়ে সোশ্যাল মিডিয়ায়। পরে এটি ১৫ লাখ টাকাতেই কিনে নেন ধানমন্ডি এলাকার একজন ক্রেতা। (সমকাল, ০৫ জুন ২০২৪)।

তবে শুধু ছাগল নয়, সাদিক এগ্রো নামে এই প্রতিষ্ঠান এবার আলোচনায় আছে গরু নিয়েও। মাস দুয়েক আগে রাজধানীতে প্রাণিসম্পদ মেলায় তারা 'কোটি টাকার একটি গরু' এনে হৈ চৈ ফেলে দিয়েছিল। সোশ্যাল মিডিয়ায় কথিত 'বংশ মর্যাদাপূর্ণ' কোটি টাকার সেই গরুও বিক্রি হয়ে গেছে। সাদিক এগ্রোর পক্ষ থেকে বলা হচ্ছে, তাদের খামারে যুক্তরাষ্ট্রের ব্রাহামা জাতের তিনটি গরু ছিল। যা বিক্রি হয়ে গেছে।

সারা বিশ্বেই গরুর নানা জাত আছে। কোনও কোনও বিশেষ জাতের গরু বেশ চড়া দামে বিক্রি হয়। প্রখ্যাত শেফ ড্যানিয়েল সি গোমেজ একটি সাক্ষাৎকারে বলেছিলেন, 'লিওনেল মেসি বা তার টিমের খেলোয়াড়রা যে গরুর মাংস খান, সেগুলোর কেজি বাংলাদেশি টাকায় ৩০ থেকে ৩৫ হাজার টাকা।'

সুতরাং বাংলাদেশের বাজারে যদি কোটি টাকা দামে কোনও গরু বিক্রি হয়, তাহলে সেটি নিয়ে অনুসন্ধানের প্রয়োজন আছে যে, সত্যিই সেটি কোন জাতের, তার ওজন কত, সেটি কোন প্রক্রিয়ায় বড় করা হয়েছে, কোথা থেকে কোন প্রক্রিয়ায় সংগ্রহ করা হয়েছে, কত দাম দিয়ে কেনা হয়েছে এবং সেটি লালন-পালন করতে গিয়ে সংশ্লিষ্ট ফার্মের কত টাকা খরচ হয়েছে। আর এসব বিবেচনায় গরুটির সর্বোচ্চ দাম কত হতে পারে?

মুশকিল হলো, এসব নিয়ে অনুসন্ধান খুব কঠিন। সরকারের সংশ্লিষ্ট দফতরে লোকবল সংকট এবং তারা অন্যান্য কাজ নিয়ে এত বেশি ব্যস্ত থাকেন যে, কোনও একটি গরু নিয়ে তারা এরপর ১৬ পৃষ্ঠায়




## 'স্যার, কোরবানি ছাড়াও আমরা কবরও বুক করে দিই'

মো. আশরাফুল হক

ঈদ উৎসবের সবচেয়ে আনন্দের বিষয় সম্ভবত সকালে উঠে ঈদের নামাজ পড়তে যাওয়া।

আব্বা যত দিন বেঁচে ছিলেন, আমরা সব ভাইয়েরা আব্বাকে নিয়ে আমাদের পাড়ার মসজিদে ঈদের নামাজ পড়তে যেতাম।

আম্মা সবাইকে বিদায় দিতেন বাসার দরজা থেকে। আর আমরা ফিরে এসে দেখতাম আম্মা দাঁড়িয়ে আছে আমাদের বরণ করার জন্য।


ছোটবেলায় দেখেছি পবিত্র ঈদুল ফিতরের, মানে রোজার ঈদের কয়েক দিন আগে থেকে শুরু হতো মেশিন দিয়ে সেমাই বানানোর ধুম।

একটা মেশিন ছিল। যন্ত্রটা কাঠের টুলে ক্লাম্প দিয়ে আটকানো হতো। একজন টুলের ওপর বসে একটা হাতল ঘোরাত। মেশিনের পেটের ভেতর থাকত একটা মুখ। ওটার মুখ দিয়ে ঢুকিয়ে দিতে হতো আটার ময়ান। আর চাকতি দিয়ে বেরিয়ে আসত চিকন চিকন সেমাই। সেগুলো রোদে শুকালেই হয়ে গেল খাঁটি নির্ভেজাল সেমাই। আম্মার হাতের জর্দা আর দুধ সেমাইয়ের স্বাদ এখনো মুখে লেগে আছে।

এরপর ২ মাস ১১ দিন পর আসত কোরবানির ঈদ। বড় ভাই, আমি ও আব্বা চলে যেতাম রংপুরের লালবাগের হাটে। কি উত্তেজনা! গরু কিনে চার-পাঁচ মাইল হেঁটে বাড়ি ফেরা। তারপর ঈদের দিন কোরবানি দিয়ে নিজেরাই গরুর চামড়া ছাড়িয়ে মাংস কেটে আম্মার হাতে তুলে দিতাম। বিশাল হাঁড়িতে আম্মা বসাত রান্না। খড়ির চুলার রান্না, অসাধারণ হতো খেতে!

এসব অনেক পুরোনো কথা। দিন দিন সব যাচ্ছে পাল্টে। এখন অনেকেই অনলাইনে গরু পছন্দ করে অর্ডার দেন। মাংস একেবারে প্রসেস করে বাসায় পৌঁছে দিয়ে যায়। ক্রেডিট কার্ডে এসির মধ্যে শুয়ে দাম পরিশোধ করা যায়। অবশ্য কিছু মানুষ এখনো যান হাটে। দেখেশুনে গরু বাছাই করে কিনে বাসায় এনে কোরবানি দেন।

আমার ধারণা, বছর দশেক পরে অবস্থা যাবে এরপর ৫৪ পৃষ্ঠায়



## ডোন্ট ফরগেট দ্য পিপল অ্যারাউন্ড ইউ

খান মো. রবিউল আলম

গরুর মন জটিল নয়। গবেষণা বলছে, গরুর মনের রয়েছে সরল রূপ, অবিশ্বাস্য রকমের সংবেদনশীলতা ও বুদ্ধিমত্তাভরা বোভাইন মেন্টালিটি হিসেবে পরিচিত। অনলাইনে প্রকাশিত 'ইনসাইড দ্য মাইন্ড অব কাউজ'-এ উল্লেখ করা হয়েছে গরুর উচ্চ ধারণা, শিখন দক্ষতা ও গভীর আবেগ প্রসঙ্গ।

'দ্য হিডেন লাইফ অব কাউজ' নিবন্ধে প্রাণী আচরণবাদীদের পর্যবেক্ষণ তুলে ধরে বলা হয়েছে, গরু জটিল সামাজিক প্রক্রিয়ায় মিথস্ক্রিয়া ও বন্ধুত্ব তৈরি করে এবং বন্ধুদের প্রতি অন্যেরা সহিংস হলে প্রতিরোধ গড়ে তোলে।

দুনিয়াজুড়ে গরুর মন পড়ার প্রবণতা বাড়ছে। চমৎকার সব গবেষণা প্রতিবেদন ও গ্রন্থ প্রকাশিত হচ্ছে। গৃহপালিত পশুদের মন, সহমর্মিতা, ভালোবাসা, সখ্য ও মানবসভ্যতায় ভূমিকা নিয়ে প্রকাশিত অ্যানিমেল কাইন্ড এ রকম একটি বেস্টসেলার বুক।

গৃহপালিত প্রাণী হিসেবে গরুর সঙ্গে মানুষের রয়েছে প্রায় ১০ হাজার বছরের সখ্য। ভারতীয় উপমহাদেশে সেই হিসাব প্রায় সাত হাজার বছরের পুরোনো। গরুর রয়েছে স্পিরিচুয়াল, আর্থিক ও স্বাস্থ্য-সম্পর্কিত মূল্য। গরুর সঙ্গপ্রিয়তার মূল্যও কম নয়।

গরুকে দেখার ক্ষেত্রে জনমনভঙ্গিতে পরিবর্তন এসেছে। গরুকে দেখা হচ্ছে অনেকটা যান্ত্রিক দৃষ্টিভঙ্গি থেকে, বাণিজ্যিক পণ্য হিসেবে। সংকরায়ণের মাধ্যমে তার আকারগত পরিবর্তন আনা হয়েছে। এ দেশের গরুর যে চিরায়ত কাঠামো ও রং, তার স্বতন্ত্র ধরে রাখা চ্যালেঞ্জ হয়ে উঠেছে।



গরুর প্রতি মায়া প্রসঙ্গে আসা যাক, একবার রাজশাহী শহরসংলগ্ন সিটিতে কোরবানির গরু কেনার পর গরুর মালিক বলেছিলেন, 'গরু বেচলাম, কিন্তু গরুর দড়ি তো বেচিনি।' চোখের পানি মুছতে মুছতে বলেছিলেন, 'দড়িটি রাখতে চাই স্মৃতি হিসেবে।'

গরুচাষিরা গরু পালেন দুটি পয়সার আশায়। কিন্তু এ পালন শেষ কথা নয়। গরু পালনের মধ্য দিয়ে চাষির সঙ্গে গরুর গড়ে ওঠে এক অমলিন সখ্য। গরুর প্রতি মায়া জন্মে যায়। বীজতলার সবুজ বীজ যেমন মায়ার আবেশ নিয়ে বেড়ে ওঠে, গরুও ঠিক তা-ই।

পাবলো নেরুদা আত্মজীবনীতে লিখেছেন, 'মানুষ একক জীবনযাপন করে না। একই সঙ্গে অন্যের জীবনও সে যাপন করে। পশুপাখি, কীটপতঙ্গ ও প্রাণ-প্রকৃতি মানুষের যাপিত জীবনের অংশ। এ কারণে বসন্তকালে গাছ থেকে পাতা ঝরে গেলে মানুষ ব্যথা পায়। অথবা নদী শুকিয়ে গেলে আহত হয়। মানুষ কখনো আশ্রয় খুঁজে সমর্পিত প্রবীণ বৃক্ষের কাছে। লিখে ফেলে "একটি প্রবীণ বটের কাছে প্রার্থনা"।'

গ্রামের মানুষ যেভাবে জীবন যাপন করেন, গরুকেও সেই অভ্যস্ততায় গড়ে তোলেন। গৃহে আনার পর যত্নআত্তি করেন। মানুষ চাহিদামতো গরুর অভ্যাস গড়ে তোলেন। গরুকে হালচাষ, গাড়ি টানা, দুধ দেওয়াসহ নানা কর্মে প্রশিক্ষিত করে তোলেন। ইংরেজিতে একে টেমিং বা বশ মানানো। প্রশিক্ষণার্থী হিসেবে গরুর রয়েছে অসামান্য দক্ষতা। অল্পতেই সেই অভিযোজিত হয়, শিখে ফেলে। অজোয়াল থেকে জোয়ালওয়ালা গরুতে পরিণত হয়; অর্থাৎ দক্ষ হয়ে ওঠে।

গরুর ভূমিকা কৃষিকাজে ব্যবহার, খাদ্যসুবিধা নেওয়ার (দুধ ও মাংস) মধ্যে সীমাবদ্ধ নয়। গরুর বাণিজ্যিক চাষ শুরু হয়েছে। গরু গৃহ থেকে খামার, গোয়ালঘর থেকে শীতাতপনিয়ন্ত্রিত কক্ষ, দিনেদুপুরে ফ্যানের বাতাস, নিয়মিত চিকিৎসাসুবিধা, উন্নত খাবার পাচ্ছে।

খামারে গরু চাষ আর গৃহে গরু পালনের ভেতরে পার্থক্য রয়েছে। খামারের বিষয়টি বাণিজ্যিক। খামারে গরুর বিজ্ঞাপন হয় পদ্ধতিগতভাবে। গরুর নম্বর ও নাম বসিয়ে। গরুর নামকরণে মধ্যে হলিনেস, বিশালত্ব ও হাস্যরস ক্যাটাগরি ব্যবহার করা হয়। নামকরণ মূলত ক্রেতাদের মন গলানোর জন্য। গরুর বাণিজ্যিকীকরণে গাভিদের কোনো স্থান নেই। আধিপত্যশীল শ্রেণি হলো ষাঁড়। মালয়ালমে একটি প্রবাদই রয়েছে-দুধ দেয় গাভিরা আর প্রচার পায় ষাঁড়েরা (মিল্ক বিলংস টু দ্য কাউ বাট বুল কাউ গেটস পাবলিসিটি)।

প্রান্তিক গরুচাষিদের গরুর বিপণনে নেই কোনো বিশেষ উদ্যোগ। নিছক একটি বা দুটি গরু পালেন সন্তানস্নেহে। দুটি পয়সা আয়ের আশায়। এ অনুশীলনে এরপর ৪৫ পৃষ্ঠায়


বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা
ওমরাহ প্যাকেজ
আমরা IATA সদস্য
আমরা ARC সদস্য
BANGLA TRAVELS
UMRAH HAJJ SERVICE
পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহূর্তে
পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
সামার সেল চলছে
বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন
প্যাকেজ বিবরণ
বিমান ভাড়া ও হোটেল।
ভিসা, মোয়াল্লেম।
জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
মক্কা ও মদিনায় জিয়ারা।
মক্কা ও মদিনায় যাতায়াত।
৫/৩ ষ্টার হোটেল।
Emirates
DELTA AIR LINES
American Airlines
Biman Bangladesh Airlines
KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
Emirates
QATAR AIRWAYS
★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি
★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি
আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 10AM -10PM *Terms & Condition may apply. See store for details.

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’

এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256



Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# SmartTech
IT Solutions Inc.

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

Learn Salesforce Without Coding

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

## Learn QA Test Engineer

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ
- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372



# হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**
জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইট্স, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ
B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

EAT
EXPERT AUTOMATION TEAM

Learn and Start a Career in Tech.

Earn $90k to $115k Annually.
Job Placement Assistance Available

646-321-7507 | 646-262-0268
info@expertautomationteam.com
www.ExpertAutomationTeam.com

**QA Automation with Java Selenium**

**QA Automation with Python Selenium**

**QA Automation with Cypress JavaScript**

**QA Automation with API Testing**

**QA Automation with Performance Testing**

# DevTangle

Fullstack IT Solutions and Digital Marketing Agency

Do you have an online presence? Would having additional business revenue help?

Contact Us Today.

**646-321-7507**
**ask@devtangle.com**
**www.DevTangle.com**

**Custom Web Development**

**Custom Software Development**

**Mobile App Development**

**UI/UX Design**

**Tech Consulting and Strategy**

**Digital Marketing**



# জিলহজ মাসের ফজিলত ও আমল

মাহমুদ আহমদ

আরবি বারো মাসের সর্বশেষ মাস জিলহজ। এ মাসটি বছরের চারটি সম্মানিত মাসের একটি। অনেক বৈশিষ্ট্যের অধিকারী এ মাস। এ পবিত্র মাসের ১০ তারিখে কুরবানির ঈদ পালনের মাধ্যমে বিশ্বের ধর্মপ্রাণ মুসলমানরা আল্লাহর প্রিয় বান্দা হজরত ইবরাহিম (আ.) ও হজরত ইসমাইল (আ.)-এর অতুলনীয় আনুগত্য এবং মহান ত্যাগের পুণ্যময় স্মৃতি বহন করে। আল্লাহ পাকের সন্তুষ্টির জন্য মুসলিম উম্মাহ প্রতিবছর হজব্রত পালন ও পশু কুরবানি করে থাকে।



হজরত ইবরাহিম (আ.) ও তার পুরো পরিবারের নজিরবিহীন কুরবানির ইতিহাস মানুষকে যে ত্যাগের শিক্ষা দেয়, তাতে উদ্বুদ্ধ হয়ে একজন মুমিন তার সবকিছুই আল্লাহর সন্তুষ্টির জন্য উৎসর্গ করতে সদা প্রস্তুত থাকে। হজরত ইবরাহিম (আ.) এবং তার প্রিয় পুত্র হজরত ইসমাইল (আ.) এবং মা হাজেরার আল্লাহর প্রতি গভীর ভালোবাসার বহিঃপ্রকাশগুলো আল্লাহতায়ালা হজের অংশ হিসাবে গণ্য করেছেন। আর এ হজ ও কুরবানি সম্পন্ন করে থাকি পবিত্র জিলহজ মাসে। যার ফলে ইসলামে জিলহজ মাসের গুরুত্ব অতি ব্যাপক।

প্রসিদ্ধ হাদিস বিশারদ ইবনে হাজার আসকালানি (রা.) বলেন, জিলহজের প্রথম দশটি দিনের বিশেষ গুরুত্বের কারণ হলো-এ দিনগুলোতে ইসলামের ৫টি রুকনের সমাহার রয়েছে। যেমন-ইমান ও সালাত অন্য দিনগুলোর মতো এদিনগুলোতেও বিদ্যমান। জাকাত বছরের অন্য যে কোনো সময়ের মতো এ সময়েও প্রদান করা যায়। আরাফার দিনে রোজার নির্দেশনার ফলে ইসলামের আরেকটি রুকন-রোজারও দৃষ্টান্ত এই দশকে পাওয়া যায়। আর পঞ্চম রুকন বা হজও।

অন্যদিকে কুরবানির বিধান তো কেবল এ দশকেই পালনযোগ্য। তাছাড়া এ দশকেই রয়েছে আরাফা ও কুরবানির দিন, আরাফার দিনের দোয়াকে শ্রেষ্ঠ দোয়া বলা হয়েছে। আর কুরবানির দিনকেও বছরের সেরা দিন বলে আবু দাউদ ও নাসাঈর এক হাদিসে বর্ণিত আছে। সুতরাং মাস হিসাবে রমজান আর দিন হিসাবে এ দশক শ্রেষ্ঠ ও সর্বাপেক্ষা মর্যাদাপূর্ণ। সূরা হজের ২৮ নম্বর আয়াতে বলা হয়েছে, 'তারা আল্লাহর নামের স্মরণ করে নির্দিষ্ট দিনসমূহে।'

হজরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেছেন, নির্দিষ্ট দিন বলতে এখানে জিলহজ মাসের প্রথম দশককে বোঝানো হয়েছে। (ইবনে কাসির) এ মাসের নবম দিন ও রাত আল্লাহর কাছে অনেক গুরুত্বপূর্ণ। কেননা এ দিনটি আরাফাতের ময়দানে সমবেত হওয়ার দিন। আর রাতটি হলো মুজদালিফায় অবস্থানের রাত। বিশেষ করে ৯ জিলহজ রোজা আদায়ের ব্যাপারে প্রিয়নবি সবচেয়ে বেশি আশাবাদী ছিলেন যে, এ দিনের রোজা পালনকারীর বিগত এক বছর এবং আগাম (সামনের) এক বছরের গোনাহ মাফ করে দেবেন। যেভাবে হাদিসে বর্ণিত হয়েছে মহানবি (সা.) বলেন, 'যে আরাফার দিনের রোজা রাখল অবশ্যই আল্লাহতায়ালা তার এক বছর পূর্বের এবং এক বছর পরের তথা দুই বছরের পাপসমূহ ক্ষমা করে দিবেন' (মুসলিম)।

তবে যারা হজ আদায়ে ওই দিন আরাফায় থাকবেন তাদের জন্য এই বিধান নয়। কেননা হজরত নবি করিম (সা.) আরাফায় থেকে এই রোজা রাখেননি। আরাফায় যারা অবস্থান করবেন তারা যদি রোজা রাখেন তাহলে হয়তো অন্যান্য যে ইবাদত বন্দেগি রয়েছে তা সঠিকভাবে পালন করতে তাদের কষ্ট হতে পারে। তাই আরাফায় যারা অবস্থান করবেন তাদের জন্য রোজা না রাখাটাই শ্রেয়। জিলহজ মাসের প্রথম দশকের ফজিলত সম্পর্কে মহানবি (সা.) বলেন, এমন কোনো দিন নেই যে দিনগুলোর ইবাদত আল্লাহর কাছে জিলহজের প্রথম দশকের ইবাদত থেকে অধিক প্রিয়। জিলহজের প্রথম দশকের প্রত্যেক দিনের রোজা এক বছরের রোজার সমতুল্য। আর এরপর ২৮ পৃষ্ঠায়

# প্রেমের মদিনা

সুহাইল আহমদ



দুনিয়ার সব মুমিন-মুসলমানের হৃদয়ের আবেগ ও উচ্ছ্বাসের কেন্দ্রস্থল হলো নবির শহর মদিনা। আল্লাহতায়ালা কুরআনুল কারিমে এ ভূমিকে অনেক নামে সম্বোধন করেছেন। মদিনা হলো 'আরদুল্লাহ' বা আল্লাহর ভূমি: 'আরদুল হিজর' বা হিজরতের ভূমি। দুনিয়ার বুকে মদিনা মুনাওয়ারার মতো এত অধিক নাম বিশিষ্ট জনপদ আর দ্বিতীয়টি নেই। যদিও মদিনার জিয়ারত হজের রোকন নয়: তথাপিও যারা মদিনাওয়ালার আশেক, তারা মদিনার জিয়ারতে থাকে আত্মহারা পাগলপারা। যুগে যুগে যার প্রমাণ দিয়েছেন প্রিয়নবি (সা.)-এর আশেক বান্দারা।

হজরত ইমাম মালিক (রহ.) মদিনাকে দুনিয়ার সব শহরের সেরা ও সর্বোত্তম শহর বলতেন। শুধু তাই নয়, তিনি মদিনায় মৃত্যু কামনায় সমগ্র জীবনে একবার মাত্র হজ সম্পাদন করেন।

এ পবিত্র ভূমি প্রিয় নবি (সা.)-এর পবিত্র চরণ স্পর্শে ধন্য হয়েছে। এ শহরের প্রতিটি অলিগলি: এ ভূমির আকাশ-বাতাসে মিশে আছে প্রিয় নবির শ্বাস-প্রশ্বাসের সুবাস। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসূল (সা.) বলেন: 'মদিনার প্রবেশ পথগুলোয় ফেরেশতারা পাহারায় নিয়োজিত রয়েছে। এখানে প্লেগ ও দাজ্জাল প্রবেশ করবে না' এরপর ৩৮ পৃষ্ঠায়



# ইতিহাসের প্রথম কুরবানি

মাহমুদ হাসান ফাহিম

পৃথিবীর ইতিহাসে প্রথম কুরবানি ছিল মানবজাতির আদি পিতা হজরত আদম (আ.)-এর দুই পুত্র হাবিল ও কাবিলের কুরবানি। সেখান থেকেই কুরবানির প্রচলন শুরু হয়। পবিত্র কুরআনে বিশদভাবে সে ঘটনা বর্ণিত হয়েছে। ইরশাদ হয়েছে, 'আর আদমের দুই ছেলের কাহিনি আপনি তাদেরকে যথাযথভাবে শোনান। যখন তারা কুরবানি করেছিল, তাদের একজনের কুরবানি কবুল করা হলো এবং অন্যজনেরটা প্রত্যাখ্যান করা হলো। সে বলল, অবশ্যই আমি তোমাকে হত্যা করব। অন্যজন বলল, আল্লাহ তো কেবল মুত্তাকিদের পক্ষ থেকেই কবুল করেন। (সূরা মায়িদা : ২৭)।

হজরত আদম ও হাওয়া (আ.)-এর মাধ্যমেই পৃথিবীতে বংশ বিস্তার আরম্ভ হয়। হাওয়া (আ.) প্রতি গর্ভ থেকে একটি পুত্র সন্তান ও একটি কন্যাসন্তান, এরূপ যমজ সন্তান জন্মগ্রহণ করত। তখন শরিয়তের বিধান ছিল, একই গর্ভ থেকে যে যমজ পুত্র ও কন্যা জন্মগ্রহণ করবে, তারা পরস্পর সহোদর ভাই বোন। তাদের মধ্যে বৈবাহিক সম্পর্ক হারাম। কিন্তু পরবর্তী গর্ভের পুত্রের জন্য প্রথম গর্ভে জন্মগ্রহণকারিণী কন্যা সহোদরা বোন নয়। তাদের মধ্যে পরস্পর বিবাহবন্ধন বৈধ।

ঘটনাক্রমে কাবিলের সহোদরা বোন ছিল পরমাসুন্দরী এবং হাবিলের সহজাত ছিল অপেক্ষাকৃত কম সুন্দরী। বিয়ের সময় হলে নিয়মানুযায়ী হাবিলের সহজাত বোন কাবিলের ভাগে পড়ে। এতে কাবিল অসন্তুষ্ট হয়ে হাবিলের শত্রু হয়ে যায়। সে জিদ ধরে বলল, আমার সহজাত বোনকে আমার সঙ্গে বিবাহ দিতে হবে। আদম (আ.) তার শরিয়তের এরপর ২৮ পৃষ্ঠায়



# মদিনায় পৌঁছার পর নবীজির প্রথম ভাষণ

মুফতি জহীর ইবনে মুসলিম

সিরাতে ইবনে হিশামের লেখক ইমাম আবু মুহাম্মাদ আবদুল মালেক ইবনে হিশাম আল মুয়াফিরি (র.) বলেন, রাসুল কারিম (সা.) মদিনাতে পৌঁছার পর সর্বপ্রথম যে ভাষণ দিয়েছেন, তা আবু সালমা ইবনে আব্দুর রহমানের সূত্রে আমার কাছে পৌঁছে।

রাসুল (সা.) সমবেত জনতার সম্মুখে দাঁড়িয়ে আল্লাহতায়ালার প্রশংসা করার পর বলেন, 'হে লোক সকল! তোমরা সর্বপ্রথম তোমাদের বাঁচার ব্যবস্থা কর। তোমরা অবশ্যই জানতে পারবে আল্লাহর শপথ তোমাদের কেউ অবশ্যই বজ্রপাতে মারা যাবে। তারপর তার বকরিগুলো এমনভাবে ছেড়ে দেবে যে তার কোনো রাখাল নেই, অতঃপর তাকে আল্লাহ বলবেন, এমন অবস্থায় যে তাদের জন্য কোনো দোভাষী থাকবে না এবং থাকবে না কোনো আড়াল।

তোমার কাছে কি আমার রাসুল যায়নি? তোমাকে কি আমি ধনদৌলত দিইনি? আর তা তুমি তোমার ইচ্ছেমতো খরচ করনি? তাহলে কেন তুমি নিজের বাঁচার উপায় করনি? অতঃপর সে তার ডান এরপর ৩৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি

Prayer Times For New York City — জুন-২০২৪

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ১৫ | ৩:৪৫ | ৫:২৪ | ১২:৫৭ | ৬:১১ | ৮:২৯ | ১০:০৯ |
| ১৬ | ৩:৪৫ | ৫:২৪ | ১২:৫৭ | ৬:১১ | ৮:৩০ | ১০:০৯ |
| ১৭ | ৩:৪৫ | ৫:২৪ | ১২:৫৭ | ৬:১১ | ৮:৩০ | ১০:১০ |
| ১৮ | ৩:৪৫ | ৫:২৫ | ১২:৫৭ | ৬:১২ | ৮:৩০ | ১০:১০ |
| ১৯ | ৩:৪৫ | ৫:২৫ | ১২:৫৮ | ৬:১২ | ৮:৩০ | ১০:১০ |
| ২০ | ৩:৪৫ | ৫:২৫ | ১২:৫৮ | ৬:১২ | ৮:৩১ | ১০:১১ |
| ২১ | ৩:৪৫ | ৫:২৫ | ১২:৫৮ | ৬:১২ | ৮:৩১ | ১০:১১ |

source: salahtimes.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

## 37-22 73 Street Suite # 1C
## Jackson Heights, NY 11372

## 347-659-8842

## 7 DAYS OPEN



আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)

### Queens native and former president verdict

# Local academics reflect on historic conviction of Donald Trump

**Shah Nawaz**

A Manhattan jury's decision to convict former U.S. President Donald Trump—a Queens native—on 34 counts of falsifying business records has led to fierce debate, study and reflection across the borough and around the world. Trump, who lived in Jamaica Estates until he was 13, made history on May 30 as the first former Commander in Chief convicted of a felony crime. In what many have called a "hush money" trial — to the dismay of many Trump supporters — the businessman faced the legal ramifications regarding how he recorded $130,000 in payments to his attorney, Michael Cohen, who, in turn, made them out to Stormy Daniels, an adult film star. The payments were made prior to the 2016 election. The verdict has spurred political debate, with Republican and Democratic pundits having plenty to say. Meanwhile, Queens academics and residents are still reflecting on the outcome. Local academics say the court ruling has given the public an opportunity to revisit the nation's political history, analyze the current political climate and better predict what could result from Trump's conviction. Dr. Peter Conolly-Smith, a long-time history professor at Queens College with a PhD in American Studies, helped QNS examine the past to determine whether other national leaders like Trump have been convicted of a felony. Conolly-Smith explained that although the founding fathers may not have foreseen the possibility of a felon running for president when they penned the Constitution, a felon has sought the highest office in the land before. One example he cited was Eugene Debs, a prominent national figure and founding member of the American Socialist Party. Debs ran for president from prison in 1920, after being convicted of sedition for urging people to resist the draft for World War I. Debs had a national following when he sought office. For instance, he received just shy of 1 million votes in the 1912 election, which Woodrow Wilson, a Democrat, won with 6 million votes–in an election that also included incumbent Republican President William Howard Taft and former President Theodore Roosevelt. "That is the closest [example] we have, which is not, of course, to suggest that Donald Trump is likely to go to prison, although that is a possibility," Conolly-Smith said. "But even if he did, in the unlikely event that he was sentenced to prison, he could still run for president." Conolly-Smith, however, said the historic verdict could prompt politicians to rethink and modify the established rules of the U.S. Electoral College system. "They may consider rethinking the way the electoral college works, and departing from the winner takes all state by state rule of the electoral college, which has twice in our present century already resulted in people who won less of the popular vote — nevertheless winning the presidency because they won in the electoral college," he added, referencing Trump's victory in 2016 and George W. Bush in 2000. Brian Browne, an adjunct political science professor at St. John's University, also examined America's political history. Browne made clear that Trump is the only President to be convicted of a crime and noted that Trump could potentially be convicted of another crime between now and election day. However, he added, Trump always manages to survive. "It is simultaneously historic, embarrassing and sad for our political system," Browne told QNS. "Yet, despite years of scandal, opponents have been predicting Trump's impending political collapse, only to be proven wrong," Browne shared. Browne referenced the political history of James Michael Curley, the 53rd Governor of Massachusetts and a long-serving mayor of Boston until 1950, as an example of a political figure who beat the odds despite his criminal history. "Curley was elected to various political offices during a lengthy career and was twice convicted of criminal behavior, and even served time in prison during his last term as mayor of Boston," Browne added. Overall, Browne expects the verdict of the Trump trial will not dramatically shift the presidential race as much as Democrats would hope. However, he added, the guilty verdict does leave a political bruise on the former president, although both parties have used the case as a means to rally their base.



*Experts, politicians and locals weigh in on the Trump verdict.*


*Police from the 110th Precinct stopped a ghost car on Ditmars Boulevard in East Elmhurst early Wednesday morning and found a cache of weapons and an ominous note. They took the driver, Judd Sanson, 29, into custody.*

# 'Ghost car' driver arrested in East Elmhurst

**● Crime**

**Abubakar Siddique**

Police from the 110th Precinct in Elmhurst discovered an arsenal of weapons in a ghost car they pulled over on Ditmars Boulevard and 86th Street in East Elmhurst early Wednesday morning. NYPD Chief of Department Jeffrey Maddrey held a press briefing at the 110th Precinct on Wednesday afternoon to discuss what the sergeant and three officers from the 110th Precinct public safety team found when they pulled over a black Ford Explorer at around 1:30 a.m. because it had blacked-out license plates. "They recovered one 9mm Glock handgun and nine fully loaded magazines; they recovered heavy body armor; they recovered handcuffs, NYPD uniform items, a stun gun, multiple knives, a weighted whip and an expandable baton," Maddrey said. The officers arrested 29-year-old Judd Sanson, who claimed he lived on Jamaica Avenue near 192nd in Hollis, but Maddrey cautioned that detectives are checking to see if that is his real address. Maddrey also said that a New York City Transit vest was recovered along with a Guy Fawkes mask that is favored by anarchists, a blow torch, and a machete. An ominous note written in a foreign language stating that he was going to do something bad was also found, but Maddrey said he wasn't at liberty to discuss its contents.

# 20 films, 6 short films receive BD Govt. grant 2023-2024

**● Entertainment**

**Ajkal Report**

